ঢাকা ওয়াসা

Name of the Work: Procurement of Computer and Printer Accessories for Store Division, Dhaka WASA.

অনুচ্ছেদ ১.০

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংযুক্ত ক্রমিকগুলি সদয় দেখা যেতে পারে। ভান্ডার বিভাগে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদেরকে এস.আর.আই.এন, গেট পাশ, রিকুইজিশন তৈরি ও বিভিন্ন সময়ে মজুদ মালামালের স্টক বিবরণী ইত্যাদি কার্যক্রম অনলাইনের মাধ্যমে করতে হয়। এছাড়া ডি-নথি, ই-জিপি, পেপারলেস বিল, অডিট রিপোর্টসহ ইত্যাদি কার্যক্রমও অনলাইনের মাধ্যমে করতে হয়। এসব কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে অত্র বিভাগের উপ-সহকারী প্রকৌশলী ও অফিস সেকশনের কম্পিউটার অপারেটরের দাপ্তরিক কাজে ব্যবহারকৃত ২টি কম্পিউটার ও ১টি প্রিন্টারের জন্য কিছু এক্সেসরিজ প্রয়োজন।

অনুচ্ছেদ ১.১

উপরোক্ত বর্ণনার আলোকে "Procurement of Computer and Printer Accessories for Store Division, Dhaka WASA." কাজের জন্য বর্তমান বাজার দরের (সংযুক্তি-২) ভিত্তিতে একটি প্রাক্কলন (সংযুক্তি-৩) প্রস্তুত করা হয়েছে। যাতে মোট প্রাক্কলিত ব্যয়ের পরিমাণ হয়েছে ২৪,১০০.০০ (চব্বিশ হাজার এক শত) টাকা মাত্র। আলোচ্য কাজটি অত্র বিভাগের ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং-১৮, প্যাকেজ-বি.১১.১ এর থোক বরাদ্দের আওতায় বাস্তবায়ন করা হবে (সংযুক্তি-১)। কাজটির ব্যয়ভার ভান্ডার বিভাগের চলতি ২০২৪-২০২৫ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বাজেট বরাদ্দের "প্রিন্টিং ও স্টেশনারি" খাত (কোড: ০১-০২-০১৬) হতে নির্বাহ করা হবে। কাজটি অতি জরুরি ও স্বল্পমূল্যের বিধায় পিপিআর-২০০৮ এর ৮১(১) বিধি মোতাবেক সরাসরি ক্রয়ের মাধ্যমে সম্পাদন করা যেতে পারে। উক্ত টাকা অস্থায়ী অগ্রিম হিসেবে গ্রহণ করা হবে এবং কাজ শেষে ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।

সংযুক্তি-১	ভান্ডার বিভাগের ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার কপি।
সংযুক্তি-২	বর্তমান বাজার দর।
সংযুক্তি-৩	প্রাক্কলন।
সংযুক্তি-৪	প্রতিবেদন।

অনুচ্ছেদ ১.২

এমতাবস্থায়, "Procurement of Computer and Printer Accessories for Store Division, Dhaka WASA." শীর্ষক কাজটি পিপিআর-২০০৮ এর ৮১(১) বিধি মোতাবেক সরাসরি ক্রয়ের মাধ্যমে সম্পাদনের লক্ষ্যে উপস্থাপিত সর্বমোট ২৪,১০০.০০ (চব্বিশ হাজার এক শত) টাকা মাত্র প্রাক্কলনটি অনুমোদন করা যেতে পারে। Sub-Delegation of Financial Power অনুযায়ী বর্ণিত কাজের প্রাক্কলনটি প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনের আওতাধীন। সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ'ল।

26/06/25
মোঃ রাইহান আলী
উপ-সহকারী প্রকৌশলী
ভান্ডার বিভাগ, ঢাকা ওয়াসা।

AE
26/06/25
PAUL SARKER
Assistant Engineer
Store Division, Dhaka WASA

EE
26/6/25
মোঃ রাহাত শিকদার
নির্বাহী প্রকৌশলী (অ: দাঃ)
ভান্ডার বিভাগ, ঢাকা ওয়াসা।

SE (SMWC)
29/06/2025
মোহাম্মদ হুমায়ুন কবীর
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃ দাঃ)
এস.এম.ডব্লিউ.সি সার্কেল
ঢাকা ওয়াসা।

XEN (Store)

CE
Approved
30/06/2025
প্রকৌশলী মিয়া আবুল সামান্য [illegible]
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।